



প্রেস বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ে

“রবীন্দ্রনাথের জীবনদর্শন ও মানবভাবনা” শীর্ষক আন্তর্জাতিক সেমিনার অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১২ মে ২০২৪খ্রিঃ

বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৩তম জন্মজয়ন্তী উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে “রবীন্দ্রনাথের জীবনদর্শন ও মানবভাবনা” শীর্ষক আন্তর্জাতিক সেমিনার। ১২ মে ২০২৪ তারিখ বিকাল ৩ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে এ সেমিনারের আয়োজন করা হয়। বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগ আয়োজিত এ সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। এসময় উপাচার্য মহোদয় তাঁর বক্তব্যে বলেন, যত বেশি সময় গড়িয়ে যাচ্ছে তত বেশি রবীন্দ্রনাথ আমাদের কাছে অপরিহার্য হয়ে উঠেছে। রবীন্দ্রনাথের কথা, রবীন্দ্রনাথের গান, রবীন্দ্রনাথের কবিতা অথবা উপন্যাস বহুমাত্রিকতা ছাঁপিয়ে বাংলা সাহিত্যে অবিরাম জ্যোতি ছড়িয়ে যাচ্ছে। উপাচার্য মহোদয় আরও বলেন, বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষা, গবেষণা ও সহশিক্ষা কার্যক্রমের সমন্বয়ে এগিয়ে যাচ্ছে। এই বিশ্ববিদ্যালয়টি যেন সমগ্র বাংলাদেশের শিক্ষাঙ্গণের মধ্যে মনোযোগ আকর্ষণ করতে পারে এবং আমাদের শিক্ষার্থীরা যেন বিশ্বমানের শিক্ষার্থী হিসেবে আবির্ভূত হতে পারে সে প্রচেষ্টা আমাদের অব্যহত থাকবে। বাংলা বিভাগের চেয়ারম্যান উনোষ রায়ের সভাপতিত্বে অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ভারতের পশ্চিমবঙ্গের রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের বিভাগীয় প্রধান ড. জ্যোত্স্না চট্টোপাধ্যায়। অন্যান্যদের মধ্যে আরও বক্তব্য রাখেন বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক শারমিন আক্তার, সঞ্জয় কুমার সরকার, সহকারী অধ্যাপক মোহাম্মদ সাকিবুল হাসান, পম্পা রানী মজুমদার ও প্রভাষক তাইয়েবুন নাহার। বরিশাল বিশ্ববিদ্যালয়ে রবীন্দ্রজয়ন্তী উদ্‌যাপন কমিটির আহবায়ক ও বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক মোহসিনা হোসাইনের সঞ্চালনায় সেমিনারে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারীসহ আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

(মো. ফয়সল মাহমুদ)

উপ-পরিচালক

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়